জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ

জবি/প্রশা-৩২(১০৫)/২০১১/ ৮৭ তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২২ ইং

ডিন, সকল অনুষদ
পরিচালক, সকল ইনস্টিটিউট
চেয়ারম্যান, সকল বিভাগ
পরিচালক, গবেষণা/ছাত্র কল্যাণ
দপ্তর প্রধান, সকল
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

**বিষয়: <u>২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে নীতিমালার আলোকে 'তথ্য ফরম' মোতাবেক তথ্য প্রদান প্রসঙ্গে।</u>**

প্রিয় মহোদয়,

২০২০-২০২১ শিক্ষাবর্ষের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বার্ষিক প্রতিবেদন প্রকাশের উদ্দেশ্যে আপনার অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/হল/দপ্তর-এর উল্লেখিত শিক্ষাবর্ষের (০১/০৭/২০২০-৩০/০৬/২০২১ পর্যন্ত) তথ্য সংযুক্ত নীতিমালার আলোকে 'তথ্য ফরম' মোতাবেক বাংলা ভাষায় *(প্রযোজ্য ক্ষেত্রে ইংরেজি ব্যবহার করা যাবে)* প্রস্তুত করে আগামী **১৭/০২/২০২২** ইং তারিখের মধ্যে হার্ড কপি **রেজিস্ট্রার দপ্তরের প্রশাসন শাখায় (কক্ষ নম্বর-১০৬)** এবং সফ্‌ট কপি ই-মেইলে **(annualreport@jnu.ac.bd)** পাঠানোর জন্য অনুরোধ করা হলো। **প্রতিবেদনে কেবলমাত্র ২০২০-২০২১ শিক্ষাবর্ষের কার্যক্রম/তথ্যের উল্লেখ থাকবে।**

বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রকাশের ব্যাপারে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

মাননীয় উপাচার্য-এর অনুমোদনক্রমে,

২/০২/২২

(অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস)
বাংলা বিভাগ
ও আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ কমিটি, জবি

<u>সংযুক্তি:</u> 'তথ্য ফরম' ও এ সংক্রান্ত নীতিমালা ০২(দুই পৃষ্ঠা)।

জবি/প্রশা-৩২(১০৫)/২০১১/ ৮৭ তারিখ: ০২ ফেব্রুয়ারি, ২০২২ ইং

*<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:</u>*

১। পরিচালক (আইসিটি), *( নীতিমালা, তথ্য ফরম ও পত্রটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)*, জবি;
২। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি *(উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)*, জবি;
৩। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর *(ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)*, জবি;
৪। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

02/02/22

(মোঃ শহীদুল্যাহ্)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)
ও সদস্য-সচিব
বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ কমিটি, জবি।

D:\Assistant Registrar(S)\Annual Report Printing

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন নীতিমালা

১। বাংলা ১২ পয়েন্টে (SutonnyMJ font) এবং ইংরেজি ১০ পয়েন্টে (Times New Roman font) কম্পোজ/ছাপা হবে।

২। অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/হল/দপ্তর-এর শুরুতেই পরিচিতিমূলক বর্ণনা অতি সংক্ষেপে উল্লেখ করা যাবে।

৩। শিক্ষকদের নাম জ্যেষ্ঠতা অনুসারে থাকবে। একাডেমিক ডিগ্রির ক্ষেত্রে অর্জিত ডিগ্রির পাশে (.....) প্রথম বন্ধনীর মধ্যে সেই বিশ্ববিদ্যালয়ের নাম উল্লেখ থাকবে।

ক) যে সকল শিক্ষক শিক্ষাছুটিতে বা অন্যান্য ছুটিতে আছেন তাদের নাম মূল তালিকায় সন্নিবেশিত হবে এবং তৃতীয় বন্ধনীতে [শিক্ষা ছুটিতে/প্রেষণে ইত্যাদি] লেখা থাকবে।

খ) শিক্ষকদের স্নাতক ডিগ্রির উল্লেখ থাকবে না। তাঁর কেবল স্নাতকোত্তর ডিগ্রি যেমন-এম এ, এম কম, এম, এসসি ইত্যাদি) এবং উচ্চতর ডিগ্রির (এম ফিল/পিএইচ ডি ইত্যাদি) উল্লেখ থাকবে।

গ) খণ্ডকালীন শিক্ষকদের নাম পৃথকভাবে উল্লেখ করতে হবে।

৪। প্রকাশনা:

ক) গ্রন্থের ক্ষেত্রে: সংশ্লিষ্ট শিক্ষকের নামের অধীনে প্রথমে গ্রন্থের নাম *বাঁকা হরফে*, এরপর প্রকাশকের নাম, প্রকাশস্থান ও প্রকাশকাল মুদ্রিত হবে। দৃষ্টান্ত: *বাংলাদেশী লোকচিকিৎসা;* বাংলা একাডেমী, ঢাকা, জুলাই ২০০৪।

খ) প্রবন্ধের ক্ষেত্রে: প্রথমে প্রবন্ধের নাম, এরপর যে সাময়িকী/পত্রিকায় প্রকাশিত হয়েছে *বাঁকা হরফে* তার নাম, সংখ্যা ও প্রকাশকাল মুদ্রিত হবে। দৃষ্টান্ত: 'মুনীর চৌধুরীর গল্প: নবোদ্ভিন্ন বাঙালির জীবনভাষ্য', *প্রাচ্যবিদ্যা পত্রিকা*, সংস্কৃত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, অষ্টম সংখ্যা, আষাঢ় ১৪২৫। জুন ২০১৮, ঢাকা।

৫। ছাত্র-ছাত্রীর সংখ্যা, শ্রেণি, পরীক্ষার ফল সারণীতে (Table) উল্লেখ করতে হবে।

৬। বিভাগীয় কার্যক্রমের বিবরণ যথাসম্ভব সংক্ষিপ্ত হওয়া বাঞ্ছনীয়।

৭। ইনস্টিটিউট/বিভাগ/আবাসিক হল/হোস্টেল-এর শিক্ষার্থীদের সহ-শিক্ষা কার্যক্রম অতি সংক্ষেপে উল্লেখ করতে হবে।

৮। চিঠিতে উল্লিখিত শিক্ষাবর্ষের শিক্ষকদের ব্যক্তিগত অর্জন বিশেষত প্রবন্ধ, গ্রন্থ, গবেষণা-প্রবন্ধ ইত্যাদি স্পষ্টভাবে তারিখ ও সালসহ অতি সংক্ষেপে উল্লেখ করা যাবে।

২।২।২২

(অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস)
বাংলা বিভাগ
ও
আহ্বায়ক
বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও মুদ্রণ কমিটি
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

02/2/22

# 'তথ্য ফরম'

- ❖ অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ/হল/দপ্তর পরিচিতি :
- ❖ ডিন/পরিচালক/চেয়ারম্যান/প্রভোস্ট/দপ্তর প্রধান :
- ❖ অধ্যাপক/প্রাধ্যক্ষ *(জ্যেষ্ঠতার ভিত্তিতে)* :
- ❖ সহযোগী অধ্যাপক :
- ❖ সহকারী অধ্যাপক :
- ❖ প্রভাষক :
- ❖ খণ্ডকালীন/চুক্তিভিত্তিক শিক্ষক :
- ❖ ছাত্র-ছাত্রীর সংখ্যা :

| শ্রেণি | শিক্ষাবর্ষ | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|
| | | |

- ❖ পরীক্ষার ফলাফল :

| শ্রেণি | মোট শিক্ষার্থী | পাসের হার |
|---|---|---|
| | | |

- ❖ শিক্ষকদের গবেষণা কার্যক্রম :
- ❖ প্রকাশিত গ্রন্থ :
- ❖ প্রবন্ধ :
- ❖ একক বক্তৃতা :
- ❖ সভাপতিত্ব :
- ❖ মূল প্রবন্ধ উপস্থাপন :
- ❖ রিসোর্স পার্সন :
- ❖ প্রকাশিত গবেষণা প্রবন্ধ :
- ❖ সাহিত্যপত্রে প্রকাশিত প্রবন্ধ :
- ❖ বিভাগীয় কার্যক্রম :

02/2/22